



নির্বাচনে কোনো দলের পক্ষ নেবে না যুক্তরাষ্ট্র: মার্কিন রাষ্ট্রদূত



সংগৃহীত ছবি

ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেস্ট ক্রিস্টেনসেন বলেছেন, বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে যুক্তরাষ্ট্র কোনো রাজনৈতিক পক্ষের পক্ষে নেই এবং তারা দেশের জনগণের প্রতি পক্ষপাতশূন্য অবস্থান বজায় রাখবে।

বুধবার (২৮ জানুয়ারি) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনারের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের ব্রিফিংয়ে এই মন্তব্য করেন রাষ্ট্রদূত। বৈঠকে তার নেতৃত্বে তিন সদস্যের একটি প্রতিনিধি দল কমিশনে উপস্থিত ছিলেন। দলের অন্য দুই সদস্য হলেন ঢাকার মার্কিন দূতাবাসের রাজনৈতিক কর্মকর্তা জেমস স্টুয়ার্ট ও শেন স্যাভার্স।

ক্রিস্টেনসেন বলেন, সামনের নির্বাচনকে তারা উৎসাহভরে পর্যবেক্ষণ করছেন এবং ভোট প্রক্রিয়া নিয়ে প্রধান নির্বাচন কমিশনের সঙ্গে বিস্তারিত আলোচনা করেছেন। তিনি আরও জানান, নির্বাচিত সরকার যেই হোক না কেন, যুক্তরাষ্ট্র তাদের সঙ্গে কাজ করবে।

ইসির সিনিয়র সচিব আখতার আহমেদ ব্রিফিংয়ে জানান, রাষ্ট্রদূত নির্বাচন ব্যবস্থাপনা ও পোস্টাল ব্যালট নিয়ে বিশেষ আগ্রহ প্রকাশ করেছেন। এই বিষয়ে তাকে বিস্তারিত ব্যাখ্যা দেওয়া হয়েছে। তিনি উল্লেখ করেন, পোস্টাল ব্যালট পরিচালনা জটিল ও সময়সাপেক্ষ।

ব্রেস্ট ক্রিস্টেনসেন ভোটের আচরণবিধি, আইনশৃঙ্খলা পরিস্থিতি, ভোটকেন্দ্র ও যাতায়াতের ব্যবস্থার বিষয়ে তথ্য সংগ্রহ করতে চান। ইসি সচিব বলেন, মার্কিন দূতাবাসের প্রতিনিধি দল ঢাকা, সিলেট, চট্টগ্রাম ও খুলনায় অনানুষ্ঠানিকভাবে নির্বাচন পর্যবেক্ষণ করবেন এবং পরে সিনেটে তাদের পর্যবেক্ষণ প্রতিবেদন দাখিল করবেন। তবে তারা তালিকাভুক্ত পর্যবেক্ষকদের মধ্যে থাকবেন না।